গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# আঞ্চলিক প্রধান/ উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান, আঞ্চলিক কেন্দ্র ঝিনাইদহ

এবং

# নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০১৮ - ৩০ জুন ২০১৯

# সূচিপত্র

**কর্মসম্পাদনের সার্বিক চিত্র** ........................................................................... ৩

**উপক্রমণিকা** .............................................................................................. ৪

**সেকশন ১:** রূপকল্প (Vision) , অভিলক্ষ্য (Mission), কৌশলগত
উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি....................................................... ৫

**সেকশন ২ :** বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..... ৬

**সেকশন ৩:** কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকর, কার্যক্রম, কর্মসম্পাদন এবং
লক্ষ্যমাত্রাসমূহ.................................................................... ৭

**সংয়োজনী ১ :** শব্দসংক্ষেপ (Acronyms) .............................................. ৯

**সংয়োজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নকারী উই/অফিস/ ইউনিট/
প্রকল্প এবং পরিমাপ পদ্ধতি...................................................... ১০

সংয়োজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/সংস্থার
উপর নির্ভরশীলতা ................................................................ ১১

# কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview Performance)

## বারটান আঞ্চলিক কেন্দ্র, ঝিনাইদহর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of BIRTAN Regional Centre, Jehnaidah)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

## সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

জনগণের পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে বিগত ৩ বছরে বারটান আঞ্চলিক কেন্দ্র, রংপুরর আওতাধীন নিম্ন লিখিত প্রকল্প এলাকাসহ আরও অন্যান্য স্থানে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হয়।

বারটান আঞ্চলিক কেন্দ্র, রংপুরর আওতাভূক্ত প্রকল্প এলাকা সমূহ যথা -

১। সল্যাঘাটিকা ২। মতিপুর ৩। চরউরিয়া। উল্লেখিত প্রকল্প এলাকার বসবাসকারী সকল পরিবার/স্থানীয় মানুষদের প্রতিমাসে নিয়মিত খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রতি বছর শীত ও গ্রীষ্মকালীন শাক-সব্জির বনজ এবং ফলজ, ঔষধি ও বনজ গাছের চারা বিনামূল্যে বিতরণ করা হয়।

- প্রতি সপ্তাহে প্রকল্প এলাকাসমূহ পরিদর্শনপূর্বক মহিলাদের পুষ্টিমান বজায় রেখে খাদ্য রান্না করার কৌশল, বিভিন্ন প্রকার খাদ্য যথা- টমেটোর সস্, সয়াদুধ, আলুর চিপস, বেগুনের আচার, আম, আনারস, পেয়ারার জ্যাম/জেলী, মোরব্বা তৈরির কৌশল ইত্যাদি হাতে-কলমে শিক্ষা প্রদান করা হয়। নিরাপদ পানি পান, স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার, হাঁস-মুরগী/গবাদি পশু-পালন, দ্রুত বর্ধনশীল মাছের চাষ, মাশরুম, সবজি চাষে উৎসাহ প্রদান করা হয়।
- প্রকল্প এলাকার গর্ভবতী ও প্রসূতী মা'দেরকে নিয়ে মাতৃসংঘ গঠন করে তাদের সঠিক পরিচর্যা এবং শিশুদের স্বাস্থ্য পরিচর্যার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। একই সাথে জন্ম-মৃত্যু, মাইগ্রেশন ইন-আউট প্রভৃতি তথ্য সংগ্রহ করা হয়।

## সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

- গ্রামাঞ্চলের মানুষ আবাদযোগ্য জমিতে ঘর-বাড়ি, দোকান-পাট তৈরিতে বেশী উৎসাহিত হওয়ায় আবাদী জমির পরিমাণ ক্রমশ হ্রাস পাচ্ছে। ফলে বাগানে উৎপাদিত পুষ্টিকর শাক-সবজি তুলনামূলকভাবে কম উৎপাদিত হবে। আর এজন্যই খাদ্যজাত পণ্যের মূল্য অনেক বৃদ্ধি পাবে।
- নিত্য প্রয়োজনীয় খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধির কারণে জনগণের খাদ্যাভাসও অনেক পরিবর্তিত হয়ে যাবে। যার ফলে সুষম খাদ্য গ্রহণের পরিমাণ অনেকাংশে হ্রাস পাবে। সুতরাং জনগণের সুষম খাদ্য গ্রহণের অভ্যাস গড়ে তোলা একটি বিরাট চ্যালেঞ্জ।

## ভবিষ্যৎ পরিকল্পনা

পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণকে টেকসই রূপ প্রদান ও জনগণের সুষম খাদ্য গ্রহণের অভ্যাস গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ ভবিষ্যৎ পরিকল্পনার অন্তর্ভূক্ত করা হয়েছে। রংপুরস্থ বারটান আঞ্চলিক কার্যালয়ের অধিনস্থ এলাকাসমূহের বিভিন্ন স্থানে পুষ্টি সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির কার্যাক্রম গ্রহণ করা হবে।

## ২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- বারটান আঞ্চলিক কেন্দ্র, রংপুর এর আওতাধীন নির্বাচিত ২৫০টি পরিবারে প্রাথমিক জরীপ কাজ পরিচালনা করা হবে।
- বারটান আঞ্চলিক কেন্দ্র, রংপুর এর উদ্যোগে দেশের বিভিন্ন জেলা/উপজেলায় খাদ্য ভিত্তিক পুষ্টি বিষয়ে ৫০ ব্যাচে (প্রতি ব্যাচে ৩০ জন) মোট ১৫০০ জন উপ-সহকারী কৃষি কর্মকর্তা, স্কুল/মাদ্রাসা শিক্ষক, মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠকর্মী, ইমাম/পুরোহিত, এনজিও কর্মী ও কিষাণ-কিষাণীদের প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া ২টি কৃষি মেলা/বৃক্ষ মেলা/জাতীয় ফল মেলায় অংশগ্রহণ করা হবে।
- বারটান আঞ্চলিক কেন্দ্র, রংপুরের জন্য অধিগ্রহণকৃত জমির বাউন্ডারি ওয়াল ও অফিস ভবন নির্মাণ কাজ চলমান থাকবে।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আঞ্চলিক প্রধান/উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান, আঞ্চলিক কেন্দ্র ঝিনাইদহ
এবং

নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বা ক্ষরিত হ'ল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# সেকশন ১

## বারটান এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

জনগণের উন্নত পুষ্টিস্তর।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

খাদ্য ও পুষ্টি সম্পর্কিত গবেষণা, প্রশিক্ষণ ও কর্মশালা বা স্তবায়ন এবং গণমাধ্যমে সম্প্রচারের মাধ্যমে দেশের জনগণের পুষ্টিস্তর উন্নয়নে অবদান রাখা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ ( Strategic Objectives):

#### ১.৩.১ বারটানের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সুষম ও নিরাপদ খাদ্য গ্রহণে উদ্বুদ্ধকরণ, জনসচেতনতা বৃদ্ধি ও পুষ্টিজ্ঞান সম্পন্ন দক্ষ মানব সম্পদ উন্নয়ন ;

### ১.৪ প্রধান কার্যাবলি (Functions)

**রংপুর আঞ্চলিক কেন্দ্র বারটানের আওতাধীন প্রকল্প এলাকা সমূহে নিম্নলিখিত কাজ করা হয়।**

- উপ-সহকারী কৃষি কর্মকর্তা, স্কুল/মাদ্রাসা শি ক্ষক, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরের মাঠকর্মী, ইমাম/পুরোহিত, এনজিও কর্মী ও কিষাণ-কিষাণীদের প্রশিক্ষণ প্রদান করা।
- প্রতি সপ্তাহে ১ বার গবেষণা কার্যক্রমের আওতাধীন এলাকা সমূহ পরিদর্শন করা।
- প্রতি মাসে গবেষণা কার্যক্রমের আওতাধীন এলাকার জন্ম-মৃত্যু, মাইগ্রেশন ইন-আউট তথ্যাদি সংগ্রহ করা।
- প্রতি মাসে গবেষণা কার্যক্রমের আওতাধীন এলাকার পরিবারদরেকে ১দিন মেয়াদী খাদ্য ভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- প্রতি বৎসর শীত ও গ্রীষ্মকালে পুষ্টিকর শাক-স বজির বীজ, প্রকল্পবাসীর চাহিদানুযায়ী বিনামূল্যে বিতরণ করা।
- প্রতি বছরের শেষে প্রকল্পবাসীর চাহিদানুযায়ী ফল, ঔষধি এবং কাঠ জাতীয় গাছের চারা বিনামূল্যে বিতরণ করা।
- প্রতি মাসে কাজের অগ্রগতির বিবরণ প্রধান কার্যালয়ে প্রেরণ করা।
- অফিস প্রাঙ্গণে শাক-সবজির বেড তৈরী ও পরিচর্যা করা।
- স্থানীয় বেকার নারী/পুরুষদেরকে পুষ্টিকর খাদ্য সামগ্রী উৎপাদনপূর্বক বিক্রির মাধ্যমে অর্থোপার্জনের জন্য উৎসাহ প্রদান করা এবং
- গবেষণা কার্যক্রমের আওতাধীন এলাকার প্রতিটি কলেজ, স্কুল ও মাদ্রাসায় খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক ক্যাম্পেইন করা।
- পুষ্টি ক্লাবের আওতায় স্কুল গার্ডেনিং ও হোমস্টিড গার্ডেনিং বাস্তবায়নে সহযোগিতা করা।
- বেতার কথিকার মাধ্যমে পুষ্টি বিষয়ে জনগণের পুষ্টিস্তর উন্নতিতে সহায়তা করা।
- সেমিনার আয়োজনে বিভিন্ন অংশীজনের মাধ্যমে পুষ্টি বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব(Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমুহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসমূহ (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| খাদ্যমান ও পুষ্টি বিষয়ে প্রচারণা, প্রকাশনা, সভা ও কর্মশালার মাধ্যমে জনসচেতনতা | প্রশিক্ষিত ব্যক্তি | সংখ্যা (জন) | ৩৬০ | ৪২০ | ১৫০০ | ১৮০০ | ২১০০ | ডিএই | বারটান এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন |
| | আয়োজিত সভা/কর্মশালা | সংখ্যা | - | ১ | ২ | ৩ | ৪ | ডিএই | বারটান এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন |
| | আয়োজিত মেলা | সংখ্যা | ২ | ৩ | ১ | ২ | ৩ | ডিএই | বারটান এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন |
| | স্কুল ক্যাম্পেইন | সংখ্যা | - | ১ | ২ | ৩ | ৪ | ডিএই | বারটান এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন |

# সেকশন ৩
# কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক সমূহ (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY ২০১৮-১৯) | | | | | প্রক্ষপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষপন (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ<br>১০০% | অতি উত্তম<br>৯০% | উত্তম<br>৮০% | চলতি মান<br>৭০% | চলতি মানের নিম্নে<br>৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১। ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ১০০ | ১.১ খাদ্যমান ও পুষ্টি বিষয়ে প্রচারণা, প্রকাশনা, সভা ও কর্মশালার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি | ১.১.১ প্রশিক্ষত ব্যক্তি | সংখ্যা | ৭০ | ৩৬০ | ৪২০ | ১৫০০ | ১৪০০ | ১৩০০ | ১২০০ | ১১০০ | ১৮০০ | ২১০০ |
| | | | ১.১.২ আয়োজিত সভা/ ওয়ার্কশপ | সংখ্যা | ২০ | - | ১ | ২ | ১ | - | - | - | ৩ | ৪ |
| | | | ১.১.৩ আয়োজিত মেলা | সংখ্যা | ৬ | ২ | ৩ | ১ | - | - | - | - | ২ | ৩ |
| | | | ১.১.৪ স্কুল ক্যাম্পেইন | সংখ্যা | ৪ | - | ১ | ২ | ১ | - | - | - | ৩ | ৪ |

আমি, আঞ্চলিক প্রধান/ উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, **বারটান, আঞ্চলিক কেন্দ্র ঝিনাইদহ** নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), আঞ্চলিক প্রধান/ উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, **বারটান, আঞ্চলিক কেন্দ্র ঝিনাইদহ** এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

২০. ০৬. ২০২৮

আঞ্চলিক প্রধান/ উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা,
বারটান আঞ্চলিক কেন্দ্র, ঝিনাইদহ

তারিখ

২০/৬/২৮

নির্বাহী পরিচালক
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট

তারিখ

# সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | **শব্দসংক্ষেপ (Acronyms)** | বিবরণ |
|---|---|---|
| ১. | বারটান (BIRTAN) | বাংলাদেশ ইনস্টিটিউট অব রিসার্চ এন্ড ট্রেনিং অন এপ্লাইড নিউট্রিশন |
| ২. | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |

**সংযোজনী-২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট/প্রকল্প | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| খাদ্যমান ও পুষ্টি বিষয়ে প্রচারণা, প্রকাশনা, সভা ও কর্মশালার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি | প্রশিক্ষিত ব্যক্তি | খাদ্যমান ও পুষ্টিগুন সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের আয়োজন করা হয়। | বারটান | বারটানের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন | |
| | আয়োজিত সভা/ওয়ার্কশপ/স্কুল ক্যাম্পেইন | খাদ্যমান ও পুষ্টিগুন সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নের জন্য সভা/ওয়ার্কশপের আয়োজন করা হয়। | বারটান | বারটানের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন | |

## **সংযোজনী-৩ :** অন্যান্য প্রতিষ্ঠানের/ডিএই এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট বারটানের সংশ্লিষ্ট প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| সরকারি | ডিএই | প্রশিক্ষিত ব্যক্তি | প্রশিক্ষণ বাস্তবায়নে | বারটানের সকল জেলা/উপজেলা পর্যায়ে অফিস না থাকায় প্রশিক্ষণ বাস্তবায়নে ডিএই'র সহযোগিতা অপরিহার্য | ৫০% | প্রশিক্ষণ কার্যক্রম ব্যাহত হবে |
| | | মেলায় অংশগ্রহণ | মেলায় অংশগ্রহণে | বারটানের সকল জেলা/উপজেলা পর্যায়ে অফিস না থাকায় মেলায় অংশগ্রহণে ডিএই'র সহযোগিতা অপরিহার্য | ৫০% | মেলায় অংশগ্রহণ ব্যাহত হবে। |